



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৪৭৫২/৫৫

তারিখ : ২৪-০৪-২০২৪ খ্রি.

বিষয় : কারণ দর্শানো জবাব দাখিল প্রসঙ্গে।

সূত্র : ক) জনাব মোঃ কবীর আহমেদ-এর ০৫-১২-২০২৩ খ্রি. তারিখের আবেদন (আইডি নং-২৩২২৪)

খ) উপজেলা নির্বাহী অফিসার, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা-এর গত ২০-০২-২০২৪ খ্রি. তারিখের তদন্ত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার সদর উপজেলাধীন নবারুন বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মোঃ আব্দুল মালেক গাজী-এর বিরুদ্ধে বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক জনাব মোঃ কবীর আহমেদ (ব্যবসায় শিক্ষা) একটি অভিযোগ দাখিল করলে উক্ত অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিল করার জন্য গত ২৪-১২-২০২৩ খ্রি. তারিখে বিঅ-৬/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৫৫১১ নং স্মারকপত্রে উপজেলা নির্বাহী অফিসার, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা-কে অনুরোধ করে পত্র প্রদান করলে গত ২০-০২-২০২৪ খ্রি. তারিখে ০৫.৪৪.৮৭৮২.০০০.১০.০০৫.২১-২৪৭ নং স্মারকপত্রে তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন। তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় জনাব মোঃ কবীর আহমেদ-এর দাখিলকৃত অভিযোগসমূহের মধ্যে অভিযোগের সত্যতা রয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে।

এমতাবস্থায়, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদনের আলোকে জনাব মোঃ কবীর আহমেদ-এর দাখিলকৃত অভিযোগসমূহের মধ্যে অভিযোগের সত্যতা প্রতীয়মান হওয়ায় আপনার বেতন বন্ধের জন্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা বরাবর কেন পত্র প্রেরণ করা হবে না তার জবাব পত্র জারীর ১৫ (পনেরো) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বাক্ষরিত

(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

ফোন নম্বর-০২৪৭৭৭৬২৭০৫

প্রধান শিক্ষক

নবারুন বালিকা উচ্চ বিদ্যালয় (১১৮৮০৯)

সাতক্ষীরা সদর, সাতক্ষীরা

স্মারক সংখ্যা-বিঅ-৬/৪৭৫২/৫৫(১-৭)

তারিখ : ২৪-০৪-২০২৪ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। জেলা প্রশাসক, সাতক্ষীরা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
- ৫। সভাপতি, নবারুন বালিকা উচ্চ বিদ্যালয়, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
- ৬। জনাব মোঃ কবীর আহমেদ, অভিযোগকারী।
- ৭। সংরক্ষণ নথি।

Dr. Arif

28/08/2028

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

Arif
28/8/28